# বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**গুলশান শাখা, ঢাকা।**

**অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মতে**

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **"ডিয়াজ হোটেল এন্ড রিসোর্ট"** প্রতিনিধিত্বে কোম্পানির স্বত্বাধিকারী- জনাব মিকি ডিয়াজ। ব্যবসায়িক ঠিকানাঃ বাড়ী নং- ৪৫, রোড নং- ১৭, বনানী- সি/এ, ঢাকা- ১২১৩। **বেসিক ব্যাংক পিএলসি, গুলশান শাখা,** ঢাকা-এর নিকট হইতে ঋণ গ্রহণ করিয়াছিলেন। উক্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিষ্ট্রী বন্ধকী দলিলমূলে বন্ধক রাখিয়াছেন। বারবার তাগাদা স্বত্তেও ঋণ গ্রহীতা-কোম্পানী, স্থাবর সম্পত্তির বন্ধকদাতা ও জিম্মাদারগণের নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে (বিগত ০৭/০৭/২০২৬ ইং পর্যন্ত) ঋণগ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ মোট **৩২,৪০,৪৩,০৩৪.৪৪ (বত্রিশ কোটি চল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার চৌত্রিশ টাকা চুয়াল্লিশ পয়সা)** টাকা মাত্র পাওনা রহিয়াছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা কোম্পানীর পক্ষে স্থাবর সম্পত্তির বন্ধকদাতাগণ জনাব মিকি ডিয়াজ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। তাহার প্রদত্ত ক্ষমতাবলে এবং উপরোল্লিখিত আইনের বিধান মতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরপত্রের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ৩১/০৮/২০২৬ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকা নিলামের দিন ধার্য্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে **বেসিক ব্যাংক পিএলসি, গুলশান শাখা,** ঢাকা-তে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহ্বান করা হইতেছে।

**- শর্তসমূহ -**

০১। প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

০২। দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

০৩। প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে **বেসিক ব্যাংক পিএলসি** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

০৪। অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

০৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে ।

০৬। উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

০৭। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা:- পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমি কর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

০৮। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**তফসিল**

জেলা- চট্টগ্রাম, থানা/উপজেলা- সাবেক ডবলমুরিং, হাল- পাহাড়তলী, সাব- রেজিস্ট্রি অফিস- পাহাড়তলী, জে.এল নং- আর.এস ও বিএস- ৫, "মৌজা নং- লট ৯ পাহাড়তলী", আর.এস খাতিয়ান নং- ৮, বি.এস খাতিয়ান নং- ১১০, আর,এস দাগ নং- ৫২, বি,এস দাগ নং- ১১০/২৪২, মিউটেশন খতিয়ান নং- ১১০, মিউটেশন দাগ নং -১১০/২৪২; জমির পরিমাণ- ৪০.০০ (চল্লিশ) শতাংশ। চৌহদ্দিঃ উত্তর- বি.এস দাগ নং- ১১০, দক্ষিণ- বি.এস দাগ নং- ১০৭ ও ১০৮, পূর্ব- বি.এস দাগ নং- ১১০, পশ্চিম- বি.এস দাগ নং- ১০৯।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান,** গুলশান শাখা

৩৩ সাউথ কমার্শিয়াল এলাকা, গুলশান সার্কেল-১, ঢাকা-১২১২, ০১৭৩০০৮৪০৮০।

**দৈনিক আমাদের সময় ও দৈনিক পূর্বদেশ**

**প্রকাশ তারিখ: ১৭.০৭.২০২৬**